গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রায়পুরা,নরসিংদী

১৭ মার্চ-২০১৮ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৯তম জন্ম দিবস এবং জাতীয় শিশু দিবস-২০১৮ এর বিভিন্ন কর্মসূচী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষে ১২/০৩/২০১৮ খ্রি. তারিখ আহুত প্রস্তুতি সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ শফিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
রায়পুরা,নরসিংদী।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ঃ ১২/০৩/২০১৮ খ্রি.।
সময় ঃ বেলা-১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট " ক "

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্মৃতির প্রতি শ্রদ্ধাজ্ঞাপন পূর্বক ১৭ মার্চ-২০১৮ তারিখে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্ম দিবস এবং জাতীয় শিশু দিবস-২০১৮ এর বিভিন্ন কর্মসূচী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সভাপতি আহুত সভা নির্ধারিত সময়ে আরম্ভ করেন এবং দিবসের বিভিন্ন প্রেক্ষাপট তুলে ধরে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন কল্পে জাতীয় পর্যায়ে গৃহীত কর্মসূচী সভায় পাঠ করে শুনানো হয়। উপজেলার জন্য গৃহীত কর্মসূচী বাস্তবায়নে পরামর্শ প্রদান সহ আলোচনায় অংশ গ্রহণের আহ্বান জানানো হলে সভায় উপস্থিত বীরমুক্তিযোদ্ধা সহ বিভিন্ন পদমর্যাদার রাজনৈতিক নেতৃবৃন্দ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ, উপজেলা পর্যায়ের কর্মকর্তা, সাংবাদিক, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ আলোচনায় অংশ গ্রহণ করেন ও নিজ নিজ মতামত ব্যক্ত করেন এবং তারা নির্ধারিত সকল কর্মসূচী সুষ্ঠুভাবে সম্পাদনে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক উপজেলা পর্যায়ে গৃহীত কর্মসূচী নিম্নরুপ ঃ

কর্মসূচি

| তারিখ | সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৭ মার্চ-২০১৮ | সকাল- ১০.৩০ ঘটিকা | শিশু সমাবেশ ও আনন্দ র‍্যালি | উপজেলা পরিষদ কমপ্লেক্স হতে শ্রীরামপুর বাজার হয়ে পুনরায় উপজেলা পরিষদ চত্বর | সংশ্লিষ্ট কমিটি |
| | বেলা-১১.০০ ঘটিকা | বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন | উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন প্রাঙ্গনে | স্ব-স্ব কর্তৃপক্ষ |
| | বেলা-১১.১৫ ঘটিকা | বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের উপর চিত্রাংকন প্রতিযোগিতা | উপজেলা পরিষদ সভাকক্ষ | সংশ্লিষ্ট কমিটি |
| | বেলা-১১.৩০ ঘটিকা | কেক কাটা | উপজেলা পরিষদ গণমিলনায়তন | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| | বেলা-১১.৪৫ ঘটিকা | শিশুদের মধ্যে খাবার বিতরণ | উপজেলা পরিষদ গণমিলনায়তন | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| | বেলা-১২.০০ ঘটিকা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবনালেখ্যের উপর আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান | ঐ | সংশ্লিষ্ট কমিটি |
| | বাদ জোহর/সুবিধাজনক সময়ে | জাতির পিতা ও তাঁর পরিবারবর্গের সদস্যদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত ও প্রার্থনা | সকল মসজিদ, মন্দির, গীর্জা ও প্যাগোডা ও বিভিন্ন ধর্মীয় উপাসনালয় | সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন ও মন্দির ভিত্তিক শিশু ও গনশিক্ষা কার্যক্রম |

সিদ্ধান্ত সমূহ

০১। গৃহীত সকল কর্মসূচি সফল বাস্তবায়নে রায়পুরার কৃতি সন্তান ২০৩-নরসিংদী-৫ এর মাননীয় জাতীয় সংসদ সদস্য জনাব রাজি উদ্দিন আহমেদ রাজু মহোদয়কে প্রধান উপদেষ্টা, জনাব মিজানুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয়কে উপদেষ্টা, উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরাকে সভাপতি ও উপজেলা পর্যায়ের সকল অফিস প্রধান, সকল ইউপি চেয়ারম্যান এবং অদ্যকার সভায় উপস্থিত সকলকে সদস্য করে ১৭ মার্চ-২০১৮ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্ম দিবস এবং জাতীয় শিশু দিবস-২০১৮ এর বিভিন্ন কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের নিমিত্ত উদ্‌যাপন কমিটি গঠন করা হলো।

( অনুগ্রহ পূর্বক অপর পৃষ্ঠায় দেখুন )

Scanned by CamScanner

০২। সকাল ১০.০০ ঘটিকায় নির্ধারিত শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উপজেলা সদরের স্ব-স্ব প্রতিষ্ঠান হতে শিশু-কিশোর সহ উপজেলা পরিষদ চত্তরে সমবেত হবেন এবং তথা হতে সকাল ১০.৩০ ঘটিকায় র‌্যালি আরম্ভ হবে এবং শ্রীরামপুর বাজার হয়ে পুনরায় উপজেলা পরিষদ চত্তরে একত্রিত হবেন।

০৩। জনাব মোহাম্মদ মাসুদ রানা, উপজেলা শিক্ষা কর্মকর্তা, রায়পুরা, নরসিংদীকে আহবায়ক এবং বীরমুক্তিযোদ্ধা জনাব মোঃ আফজাল হোসাইন, সভাপতি, রায়পুরা উপজেলা আওয়ামীলীগ, জনাব মোঃ নজরুল ইসলাম, সাবেক কমান্ডার, রায়পুরা উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চেয়ারম্যান, রাধানগর ইউনিয়ন পরিষদ, অধ্যক্ষ, বিয়াম ল্যাবরেটরী স্কুল, বিশিষ্ট রাজনীতিবিদ ও সাহিত্যিক জনাব মহসীন খোন্দকারকে সদস্য করে ৩নং এবং ০৬নং অনুচ্ছেদে বর্নিত অনুষ্ঠানমালা বাস্তবায়ন কমিটি গঠন করা হয়।

০৪। উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচ্য দিবসে বাধ্যতামূলকভাবে শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতি নিশ্চিত করার জন্য ( উপজেলায় অংশ গ্রহনকারী প্রতিষ্ঠান ব্যতিত ) উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় নির্দেশনা জারীর জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।

০৫। প্রধান শিক্ষক, সেরাজনগর এম,এ, পাইলট উচ্চ বিদ্যালয়কে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের উপর দেয়ালিকা প্রকাশ সহ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে বিষয়টি তদারকী করার জন্য সভার পক্ষ হতে অনুরোধ জানানো হয়।

০৬। গৃহীত সকল কর্মসূচীতে স্বতঃস্ফুর্ত অংশ গ্রহণের জন্য সর্বস্তরের জনগণ সহ উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণকে অনুরোধ জানানো হয়।

০৭। বাদ জোহর মসজিদে ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধামত সময়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর রুহের মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া, মিলাদ মাহফিল/বিশেষ প্রার্থনা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৮। উক্ত দিবস উপলক্ষে জনাব মোঃ বশীর আহম্মেদ মোল্লা সহ স্থানীয় সাংবাদিকদের সহযোগিতায় স্থানীয় সংবাদপত্রে বিশেষ ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহন করা হবে।

০৯। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং গৃহীত কর্মসূচীর যথাযথ বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ শফিকুল ইসলাম )
উপজেলা নির্বাহী অফিসার
রায়পুরা, নরসিংদী।

স্মারক নং-০৫.৩০.৬৮৬৪.১১০.১১.৮২০.১৭.২৯৪(৫০)　　　　তারিখ ঃ- ১২/০৩/২০১৮ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলো ঃ

১। জনাব রাজিউদ্দিন আহমেদ রাজু, মাননীয় জাতীয় সংসদ সদস্য,২০৩-নরসিংদী-৫(রায়পুরা)।
২। জেলা প্রশাসক, নরসিংদী।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়পুরা,নরসিংদী।
৪। মেয়র, রায়পুরা পৌরসভা, রায়পুরা, নরসিংদী।
৫। উপজেলা ............................................................................................কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী।
৬। সভাপতি/সাধারন সম্পাদক,রায়পুরা উপজেলা আওয়ামীলীগ/কৃষকলীগ/স্বেচ্ছা-সেবকলীগ/শ্রমিকলীগ/যুবলীগ/ছাত্রলীগ, নরসিংদী।
৭। অধ্যক্ষ/সুপার...........................................................................................................................
৮। চেয়ারম্যান.....................................................................................ইউনিয়ন পরিষদ(সকল), রায়পুরা, নরসিংদী।
৯। জনাব মোঃ নজরুল ইসলাম, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, রায়পুরা উপজেলা কমান্ড। এ উপজেলার বীরমুক্তিযোদ্ধাগণকে অবহিত করার জন্য
১০। প্রধান শিক্ষক.........................................................................................................................................................
১১। সভাপতি/সাধারন সম্পাদক, রায়পুরা প্রেস ক্লাব, নরসিংদী।
১২। জনাব....................................................................................................

উপজেলা নির্বাহী অফিসার
রায়পুরা,নরসিংদী।

Scanned by CamScanner